**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[কাস্টমস ও মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ২৫২-আইন/২০২৬/৮২/কাস্টমস।**- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, দ্বিতীয় তফসিলের ক্রমিক নং ৭, ১১, ৩২, ৩৫ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার বিধি ১৩ এর উপ-বিধি (১) এর দফা (চ) এ উল্লিখিত “২৪ (চব্বিশ) ঘন্টার” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “৭ (সাত) দিবসের” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।